

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩.২০১৪-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ নাজিম উদ্দিন, ক্রেডিট সুপারভাইজার, পূর্বধলা, নেত্রকোনা-এর বিরুদ্ধে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায়ে ব্যর্থতার অভিযোগে অধিদপ্তরের ১৯-১-২০১৪ খ্রিঃ তারিখের ২৫ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা চালু করা হয়।

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ৩১-৩-২০১৪ খ্রিঃ তারিখে মহাপরিচালক কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তিনি খেলাপী আদায়ে সময় প্রার্থনা করলে তাকে পর পর ৩ বার সময় দেয়া হয়। সর্বশেষ ডিসেম্বর/২০১৫ পর্যন্ত প্রদত্ত সময়ের মধ্যে তিনি ১০,৬১,০০০/-টাকার থেকে ১,৮৯,১৯৫/- টাকা আদায় করেন। এ বিষয়ে পূর্বধলা, নেত্রকোনা-এর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিবেদন দৃষ্টে জানা যায় অভিযোগ সংশ্লিষ্ট খেলাপী ১০,৬১,০০০/-টাকার কোন টাকাই অভিযুক্ত কর্মচারীর কর্মকালে খেলাপী হয়নি। উক্ত টাকার অধিকাংশই ১৯৯৮ হতে ২০০৪ সালের মধ্যে সৃষ্ট খেলাপী ঋণের টাকা।

যেহেতু, অভিযুক্তের লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিবেদন ও নথি পত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মচারী-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ নাজিম উদ্দিন, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, পূর্বধলা, নেত্রকোনা-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন-৯৫৫৯৩৮৯।

তারিখঃ ১৪-০২-২০১৬খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৩.২০১৪-৪০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নেত্রকোনা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, পূর্বধলা, নেত্রকোনা।
- ০৬। জনাব মোঃ নাজিম উদ্দিন, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, পূর্বধলা, নেত্রকোনা।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক(শৃংখলা)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।